

# সমকাল

## বইমেলা শেষ হচ্ছে ১২ এপ্রিল

প্রকাশ: ১০ এপ্রিল ২১ | ১২:৫০ | আপডেট: ১০ এপ্রিল ২১ | ১৩:০১

### সমকাল প্রতিবেদক



### ফাইল ছবি/সমকাল

অমর একুশে গ্রন্থমেলা আগামী ১২ এপ্রিল শেষ হচ্ছে। শনিবার সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এ তথ্য জানান।

এবারের বইমেলা আগামী ১৪ এপ্রিল পর্যন্ত চলার কথা ছিল। তবে ওইদিন থেকে সর্বাত্মক লকডাউন শুরুর ঘোষণা আসায় নির্ধারিত সময়ের দুইদিন আগেই বইমেলা শেষ করার সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী।

এই সিদ্ধান্তের ফলে প্রকাশকেরা তাদের স্টল থেকে বই সরিয়ে নিতে ও গোছগাছ করার জন্য একদিন সময় পাবেন।

করোনা মহামারির নানা বাধা পেরিয়ে গত ১৮ মার্চ থেকে শুরু হয় এবারের বইমেলা। শুরুতে বিকেল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত বইমেলার সময়সূচি ধার্য করা হলেও করোনার প্রাতৰ্ভাব বেড়ে যাওয়ায় মেলার সময় কমিয়ে সন্ধ্যা ৬টায় শেষ করার সিদ্ধান্ত হয়। এরপর দেশজুড়ে সরকার চলাচলে

বিধিনিষেধ আরোপ করায় ফের বইমেলার সময়সূচিতে পরিবর্তন এনে বেলা ১২ট থেকে বিকেল ৫টা  
পর্যন্ত খোলা রাখার সিদ্ধান্ত হয়।

---

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)